

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -৮৪২(আগরতলা, ০৩১০৬)

সোনামুড়া, ৩ জুন ২০১৮

বই আমাদের জ্ঞান ও মননকে সমৃদ্ধ করে : উপ মুখ্যমন্ত্রী

ব্যাপক সাড়া জাগিয়ে আজ সোনামুড়ায় সম্পন্ন হল পাঁচদিন ব্যাপী সিপাহীজলা জেলা ভিত্তিক প্রথম বইমেলা। আজ সন্ধ্যায় বই মেলার সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপ মুখ্যমন্ত্রী যীষ্বু দেববর্মা। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিধায়ক সুভাষ চন্দ্র দাস। সভাপতিত্ব করেন বই মেলা কমিটির চেয়ারম্যান বিশিষ্ট সমাজসেবী প্রতিমা ভৌমিক। অন্যান্যদের মধ্যে ছিলেন বিশিষ্ট সমাজসেবী কৃষি বিজ্ঞানী বাহারুল ইসলাম মজুমদার, সোনামুড়া মহকুমা শাসক সাজু ওয়াহিদ আহমেদ। প্রধান অতিথির ভাষণে উপ মুখ্যমন্ত্রী যীষ্বু দেববর্মা বলেন, বর্তমান তথ্য প্রযুক্তির যুগেও বই এর বিকল্প নেই। বই আমাদের জ্ঞান ও মননকে সমৃদ্ধ করে। তাই নতুন প্রজন্মকে বই এর প্রতি আকৃষ্ট করতে হবে। বই পড়ার প্রতি তাদের আগ্রহকে আরো বাড়িয়ে তুলতে হবে। তিনি বলেন, মেলা মানে মেলবন্ধন। পারস্পরিক মেলবন্ধন তৈরী হয় মেলার মাধ্যমে। এটাই এ রাজ্যের ঐতিহ্য। এই ঐতিহ্যকে আটুট রাখতে হবে। তিনি সকলকে ভালো বই পড়তে ও সংগ্রহ করতে বলেন। বিধায়ক সুভাষ চন্দ্র দাস সোনামুড়া বই মেলার সাফল্যের জন্য উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। তিনি বলেন, বই মেলাকে কেন্দ্র করে সোনামুড়ায় ব্যাপক উৎসাহ তৈরী হয়েছে। মানুষে মানুষে সম্পূর্ণ মেল বন্ধন তৈরী হয়েছে। বিশিষ্ট সমাজসেবী বাহারুল ইসলাম মজুমদার আলোচনায় বলেন, বই মেলাকে কেন্দ্র করে সকলের মধ্যে ব্যাপক উৎসাহ তৈরী হয়েছে। তাতে আগামীদিনে সোনামুড়ায় আরো জাঁকজমক করে বই মেলা করার উৎসাহ সৃষ্টি হয়েছে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন সোনামুড়া মহকুমা শাসক সাজু ওয়াহিদ আহমেদ। অনুষ্ঠানের সভাপতি তথা মেলা কমিটির চেয়ারম্যান প্রতিমা ভৌমিক বলেন, বই আমাদের জ্ঞান ও চেতনাকে সমৃদ্ধ করে। নতুন প্রজন্মকে বই পড়ার প্রতি আগ্রহ বাড়াতে হবে। বই মেলার সমাপ্তিদিনে আজকেও ছিল মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। দেশের বিশিষ্ট বাটুল শিল্পী পূর্ণদাস বাটুল এই অনুষ্ঠানে সংগীত পরিবেশন করে।
